

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ও দায়রা জজ-এর কার্যালয়, সুনামগঞ্জ।
(প্রশাসন বিভাগ)।
sunamganj.judiciary.gov.bd

আদেশ নং-৫৬,

তারিখ- ২১ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
০৫ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ- ফেব্রুয়ারী-২০২৪ খ্রিঃ মাসের মাসিক মোকদ্দমা নিষ্পত্তি সংক্রান্ত সভার আয়োজন প্রসঙ্গে।

এতদ্বারা সুনামগঞ্জ জজশীপ ও ম্যাজিস্ট্রেটসির সকল জজ/ম্যাজিস্ট্রেটগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১২/০৩/২০২৪ খ্রিঃ তারিখ অপরাহ্ন ৩:০০ ঘটিকার সময় জেলা জজ আদালতের সম্মেলন কক্ষে ফেব্রুয়ারী/২০২৪খ্রিঃ মাসের মোকদ্দমার নিষ্পত্তি সংক্রান্ত বিষয়ে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথা সময়ে স্ব-স্ব আদালতের ফেব্রুয়ারী/২০২৪ খ্রিঃ মাসে নিষ্পত্তিকৃত ও বিচারাধীন মোকদ্দমার বিবরণীসহ মোকদ্দমা দায়ের হতে ১০ বছরের উর্ধ্বকাল যাবৎ বিচারাধীন ও স্থগিত মামলার তালিকা এবং আদালত/দণ্ডের বকেয়া কাজের তালিকাসহ জজশীপ ও ম্যাজিস্ট্রেটসির সকল জজ/ম্যাজিস্ট্রেটগণকে উপস্থিত থাকার জন্য নির্দেশ দেয়া হ'ল।

সংশ্লিষ্ট সকলকে জানানো হোক।


স্বাক্ষরিত/-
(মোঃ হেমায়েত উদ্দিন)
সিনিয়র জেলা ও দায়রা জজ,
সুনামগঞ্জ।

স্মারক নং- জে: জ: সুনাম/প্রশাঃ/২০২৪/১৩২(২২)/

তারিখ- ২১ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
০৫ মার্চ ২০২৪ খ্রিঃ।

আদিষ্ট হয়ে অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :-

- ১। বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ। (অধীনস্থ সকল ম্যাজিস্ট্রেটগণকে অবহিত করার অনুরোধসহ)
- ২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ও দায়রা জজ ১ম /২য় আদালত, সুনামগঞ্জ।
- ৩। বিজ্ঞ বিচারক (যুগ্ম জেলা জজ), ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, সুনামগঞ্জ।
- ৪। বিজ্ঞ যুগ্ম জেলা ও দায়রা জজ, ১ম / ২য় আদালত সুনামগঞ্জ।
- ৫। বিজ্ঞ সিনিয়র সহকারী জজ, সদর/ছাতক/জামালগঞ্জ, সুনামগঞ্জ।
- ৬। বিজ্ঞ জেলা লিগ্যাল এইড অফিসার (সিনিয়র সহকারী জজ), সুনামগঞ্জ।
- ৭। বিজ্ঞ ভারপ্রাপ্ত জজ, হিসাব/নেজারত/অনুলিপি বিভাগ/রেকর্ড রুম, জেলা জজ আদালত, সুনামগঞ্জ।
- ৮। বিজ্ঞ সহকারী জজ, তাহিরপুর/ দোয়ারাবাজার/ ধর্মপাশা/ বিশ্বম্ভরপুর/ দিরাই/ জগন্নাথপুর/শাল্লা, সুনামগঞ্জ।
- ৯। আপীল সহকারী, জেলা জজ আদালত, সুনামগঞ্জ।
- ১০। স্টেনোগ্রাফার, জেলা জজ আদালত, সুনামগঞ্জ। (আদালতের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। অফিসকপি।


০৫/০৩/২০২৪
(মোঃ খোরশেদ আলম)
প্রশাসনিক কর্মকর্তা
জেলা ও দায়রা জজ আদালত
সুনামগঞ্জ।